

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
তথ্য মন্ত্রণালয়  
বাংলাদেশ চলচিত্র সেসন্স বোর্ড  
রেড ক্রিসেন্ট বোরাক টাওয়ার (লেভেল-৯)  
৩৭/৩/এ ইক্ষ্টান গার্ডেন রোড, রমনা, ঢাকা-১০০০।

চলচিত্র নির্মাণের ক্ষেত্রে “ধূমপান ও তামাকজাত দ্রব্য ব্যবহার (নিয়ন্ত্রণ) বিধিমালা,  
২০১৫” এর নিম্নলিখিত নির্দেশনা মেনে চলচিত্র সেন্সরের জন্য জমা দেওয়ার  
অনুরোধ রইলো।

উপ-বিধি:৫ (ক) তামাকজাত দ্রব্য ব্যবহারের দৃশ্য প্রদর্শনকালে পর্দার মাঝখানে পর্দার আকারের অন্তত এক পঞ্চমাংশ স্থান জুড়িয়া কালো জমিনের উপর সাদা অক্ষরে বাংলা ভাষায় “ধূমপান/তামাক সেবন মৃত্যু ঘটায়” শীর্ষক স্বাস্থ্য সতর্কবাণী প্রদর্শন করিতে হইবে এবং উক্তরূপ দৃশ্য যতক্ষণ চলিবে, ততক্ষণ পর্যন্ত সতর্কবাণী প্রদর্শন অব্যাহত রাখিতে হইবে;

উপ-বিধি:৫ (গ) প্রেক্ষাগৃহে সিনেমা প্রদর্শনের ক্ষেত্রে তামাকজাত দ্রব্য ব্যবহারের দৃশ্য রাখিয়াছে এইরূপ সিনেমা আরম্ভ হইবার পূর্বে, বিরতির পূর্বে ও পরে এবং সিনেমা প্রদর্শনের শেষে অন্যন ২০ (বিশ) সেকেন্ড সময় পর্যন্ত সম্পূর্ণ পর্দা জুড়িয়া প্রযোজিত “ধূমপান/তামাক সেবন মৃত্যু ঘটায়” শীর্ষক সতর্কবাণী বাংলা ভাষায় প্রদর্শন করিতে হইবে।

বি: দ্রঃ:- চলচিত্রটিতে যদি মদ্যপানের দৃশ্য থাকে তাহলে “মদ্যপান স্বাস্থ্যের জন্য ক্ষতিকর” শীর্ষক সতর্কবাণী বাংলা ভাষায় প্রদর্শন করিতে হবে।

১০/০৮/১৫  
মেট নিউ ইল কলীন  
ভাইস টেলিকমিউনিকেশন  
বাংলাদেশ চলচিত্র সেন্সর বোর্ড  
তথ্য মন্ত্রণালয় সরকার  
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার